

টেলিক্রোপ

‘যা করছি তাতেই খুশি’

ঠিক সেই কারণেই বিগত দশ বছর ধরে সিরিয়ালে অভিনয়ের প্রস্তাব পেলেও তা নাকচ করে গিয়েছেন গোবিন্দার ভাগনে।

কোনও চরিত্রের নামে তো নয়, দর্শক আমায় স্বনামেই চেনেন। এটাই তো আমার সবচেয়ে বড়ো প্রাপ্তি। সূত্রাং যা করছি আমি তাতেই খুশি।’ জানালেন কৃষ্ণ।

তা করছেনটা কী ছোটোপর্দার এই নামি কমেডিয়ান? কেন নন-ফিকশন শো। ‘ওএমজি! ইয়ে মেরা ইন্ডিয়া’র চতুর্থ মরশুম নিয়ে টিভির পর্দায় আসছেন কৃষ্ণ।

এই শো-এ আমাদের দেশ সম্পর্কে বেশকিছু আকর্ষণীয় তথ্য দর্শকদের সঙ্গে ভাগ করে নেবেন শিল্পী। নতুন শো-এর আগে নিজের ব্যক্তিগত জীবনেরও কিছু আকর্ষণীয় তথ্য পাঠকদের কাছে তুলে ধরলেন কৃষ্ণ।

যেমন পিতৃত্বের সুখানুভূতি। যমজ সন্তানের বাবা হওয়ার পর জীবনের মানেটাই বদলে গিয়েছে কৃষ্ণের। তাঁর অভিনেত্রী স্ত্রী কাশ্মীরা শাহ-ও মাতৃত্বের কারণে বদলেছেন। অভিনেতা নিজেই তা জানিয়েছেন।

গোবিন্দার মতো বলি তারকার ভাগনে হলেও মামার নামে কখনও কোথাও বাড়তি সুবিধা নেওয়ার চেষ্টা করেননি তিনি। পরিচিতি, খ্যাতি, অর্থ সবই নিজের পরিশ্রমে অর্জন করেছেন। তাই আজ তৃপ্ত ৩৪ বছরের এই শিল্পী।

ছোটপর্দার পাশাপাশি বলিউডেও ‘বোল বচন’ এবং ‘এনটারটেনমেন্ট’-এর মতো বাণিজ্য সফল ছবিতে মনে রাখার মতো অভিনয় করে ফেলেছেন কৃষ্ণ। তবে আজও ছোটপর্দাই যে তাঁর প্রধান কাজের ক্ষেত্র, তা একবাক্যে স্বীকার করে নেন তিনি।

এমনকি বিতর্কিত কমেডিয়ান সহশিল্পী কপিল শর্মার ব্যাপারেও এই শিল্পীর কোনো ছুঁতমার্গ নেই। কপিল যদি তাঁর নতুন শো-এ কৃষ্ণকে অংশগ্রহণ করতে ডাকেন, তাহলে সাগ্রহেই যোগ দেবেন তিনি।

নিজের নতুন শো ‘ওএমজি! ইয়ে মেরা ইন্ডিয়াতে’ অবশ্য খুব একটা কমেডি করতে দেখা যাবে না কৃষ্ণকে। তবে হাসি-মজার বাইরে তাঁর নতুন এক সত্তা প্রকাশ পাবে নতুন এই শো-এ। এমনটাই ভাবছেন কৃষ্ণ।

এর অনেকটা কৃতিত্ব ক্রিয়েটিভ টিমের। তাদের দারুণ গবেষণাই নতুন শো-এর জিয়নকাঠি।


‘আসল কৃষ্ণকে দর্শক এবার দেখতে পাবেন।’ জানাচ্ছেন শিল্পী নিজেই।

‘কমেডি নাইট বাঁচাও’ খ্যাত শিল্পী কৃষ্ণ জানিয়েছেন, ‘ওএমজি! ইয়ে মেরা ইন্ডিয়া’র ১০টি মরশুম করতেও তার আপত্তি নেই।

আপাতত শুটিং শেষ, তাই সময় কাটাবেন সন্তানদের সঙ্গে, তারপর লাইভ শো-এর জন্য যাবেন আমেরিকা সফরে।

১৫ মার্চ শুরু হচ্ছে ‘ওএমজি! ইয়ে মেরা ইন্ডিয়া’র চতুর্থ মরশুম। প্রতি বৃহস্পতিবার রাত ৮টায় সম্প্রচারিত হবে হিন্দি টিভি-১৮ চ্যানেলে।

নতুন শো-এবং ব্যক্তিগত জীবন নিয়ে স্পষ্টবক্তা এই টেলি শিল্পী। ‘চোখে গ্লিসারিন লাগিয়ে টিভির পর্দায় কাঁদতে পারব না’, সাফ জানালেন কৃষ্ণ অভিষেক



ডোডো রায়

শেষ

মাত্র তিনমাস আগে শুরু হয়েছে। কিন্তু এর মধ্যেই বেজে গেল বিদায় ঘণ্টা, সমাপ্তির সুর। জি-টিভি তাদের অনুষ্ঠানসূচি পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। সেই পরিপ্রেক্ষিতেই বন্ধ হয়ে যাচ্ছে ‘ডিটেকটিভ দিদি’ ধারাবাহিকটি। এই প্রতিবেদন লেখার সময়ই জানা গেল এটাই সম্ভবত শেষ সপ্তাহের সম্প্রচার। ক্ষণস্থায়িত্বই কি মেগা ধারাবাহিকের ভবিষ্যৎ?



সরে গেলেন



রিয়ালিটি শো-এর বিচারক হিসেবে নাবালিকা প্রতিযোগীকে চূড়ান্ত করে বিতর্কে জড়িয়ে পড়েছেন সংগীতশিল্পী পাপন। সোশ্যাল মিডিয়ায় ক্রমাগত সমালোচনার মুখে পড়ে আপাতত মানসিকভাবে বিধ্বস্ত এই শিল্পী। সুপ্রিমকোর্টে তাঁর বিরুদ্ধে মামলাও দায়ের হয়েছে। বিতর্কের জেরে চ্যানেল কর্তৃপক্ষও চাইছিলেন না তাকে বিচারক হিসেবে রেখে দিতে। এই অবস্থায় টিভি শো-এর বিচারকের আসন থেকে সরে দাঁড়ালেন তিনি।

টিভি গেটস



মাইক্রোসফট-এর প্রতিষ্ঠাতা বিল গেটস আবার টিভিতে! তেমনটাই শোনা যাচ্ছে। আন্তর্জাতিক টেলিভিশনের জনপ্রিয় কমেডি ধারাবাহিক ‘দ্য বিগ ব্যাং থিয়োরি’তে ক্যামিও চরিত্রে দেখা যাবে ৬২ বছর বয়সি টেকনোক্র্যাফট ও ফিলানথ্রাপিককে। ২০০১-এ ‘ফ্রেজার’ ধারাবাহিকে স্বনামে প্রথম দেখা দিয়েছিলেন গেটস। এবারও স্বনামেই আবির্ভূত হবেন টিভির পর্দায়।



ভারত-প্ৰীতি

দুনিয়াজোড়া খ্যাতি টিভি তারকা কিম কার্দাশিয়ানের। তাঁর জনপ্রিয় শো ‘কিপিং আপ উইথ দ্য কার্দাশিয়ানস’ নিয়ে ভারতে আসার ইচ্ছা প্রকাশ করলেন কিম।

সম্প্রতি এক ভারতীয় সংবাদমাধ্যমে সাক্ষাৎকার দেওয়ার সময়ই ভারত-প্ৰীতির কথা প্রকাশ করেন কিম।

ভারতীয় অলংকার ও পোশাকের ব্যাপারে দারুণ আগ্রহী কিম। তাহলে কি শীঘ্রই ভারতে শুটিং করতে দেখা যাবে কিমকে?